দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 JUN 1998 ...
পৃষ্ঠা: ২৮ কলাম ৪ ......

# প্রচন্ড তাপদাহ ॥ উত্তরাঞ্চলে স্কুল-কলেজ ছুটি ঘোষণা

ভ্রাম্যমাণ প্রতিনিধি ॥ প্রচন্ড তাপদাহে উত্তরাঞ্চল এখন জ্বলিতেছে। প্রবাহিত হইতেছে লু হাওয়া। বাতাসের আর্দ্রতা বেশী থাকায় অনবরত ঘাম ঝরিতেছে। শরীরে জামা কাপড় রাখা প্রায় দুঃসাধ্য। স্মরণকালের প্রচন্ড তাপদাহ ও অস্বাভাবিক গরমে জনজীবন বিপর্যস্ত। গত দুই দিনে নাটোর নওগাঁ, সিরাজগঞ্জ, রংপুরে শিশুসহ ৮ জনের প্রাণহানি ঘটিয়াছে। রাজশাহী ও রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রচন্ড গরমে অসুস্থ ৭২ জনকে ভর্তি করা হইয়াছে। হাসপাতালে চিকিৎসাধীন অধিকাংশই উচ্চ রক্তচাপে আক্রান্ত। গতকাল মঙ্গলবার রাজশাহীতে সর্ব উচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪২ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস। বগুড়ার তাপমাত্রা রেকর্ড করা হইয়াছে ৪০ দশমিক ৫ ডিগ্রী সেলসিয়াস। এই সময়ে রাজশাহীতে বাতাসের আর্দ্রতা ছিল ৫৫ শতাংশ এবং বগুড়ায় ছিল ৬২ শতাংশ। রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, নাটোরের তাপমাত্রা রেকর্ড করা হইয়াছে ৩৯ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস। প্রচন্ড গরম ও লু হাওয়া প্রবাহে গতকাল মঙ্গলবার রাজশাহী, বগুড়া শহর ছিল নীরব

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## তাপদাহ

(শেষ পৃঃ পর)

নিস্তব্ধ। প্রচন্ড তাপদাহ ও গরমের জন্য কর্তৃপক্ষ রাজশাহী কলেজিয়েট স্কুলসহ অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান ২ দিনের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন। বগুড়া জেলারও অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস হইতেছে না। ছোট্ট ছেলেমেয়েরা প্রচন্ড গরমে ক্লাসে অজ্ঞান হইয়া পড়িতেছে। ঘরে-বাহিরে কোথায়ও মানুষ টিকিতে পারিতেছে না। একটু স্বস্তির জন্য ছায়াবিথি তলে মানুষ ভিড় জমাইতেছে।